



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



মাউশি
নম্বর ০৬

নম্বর ৩৭.০২.০০০০.১০২.৯৯.০০৩.২০.৭৯

তারিখ: ২৬ আষাঢ়, ১৪২৭

১০ জুলাই ২০২০

বিজ্ঞপ্তি

বিষয়: বন্যা দুর্গত এলাকার সকল শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) অস্থায়ী আশ্রয়কেন্দ্র হিসাবে ব্যবহারের জন্য জরুরিভিত্তিতে খুলে দেওয়া, সহযোগিতা প্রদান ও তথ্য প্রেরণ।

১। চলমান বন্যা দুর্গত এলাকার সকল শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) সংশ্লিষ্ট এলাকার ক্ষতিগ্রস্ত জনসাধারণের অস্থায়ী আশ্রয়কেন্দ্র হিসাবে ব্যবহারের জন্য জরুরিভিত্তিতে খুলে দিতে হবে। অস্থায়ী আশ্রয়কেন্দ্র হিসাবে ব্যবহৃত শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারগণ নিম্নের ই-মেইলে প্রেরণসহ সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালক ও উপপরিচালকের নিকট অনুলিপি প্রেরণ করবেন;

২। বন্যা দুর্গত এলাকায় অবস্থিত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সকল পর্যায়ের দপ্তর ও সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ স্থানীয় প্রশাসন/দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সাথে সম্পৃক্ত থেকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন; এবং

৩। চলমান বন্যার কারণে যদি কোন শিক্ষা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয় তাহলে বন্যা পরিস্থিতির উন্নতি হলে দ্রুত সময়ের মধ্যে নিম্ন ছকে তথ্য সংগ্রহ করে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারগণ সফট কপি (MS Word-মুদ্রে) dsheflood2019@gmail.com ই-মেইল যোগে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবেন:

নমুনা ছক

ক্রমিক নং	অঞ্চল	জেলা	উপজেলা	প্রতিষ্ঠানের ধরন	প্রতিষ্ঠানের নাম	ক্ষয়ক্ষতির বিবরণ	আনুমানিক ক্ষতির পরিমাণ (টাকায়)

(Signature)

১০-৭-২০২০

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক

মহাপরিচালক



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বরিশাল অঞ্চল, বরিশাল



মাউশি
নম্বর ০৬

Email: dirdshebarisal@gmail.com

স্মারক নং ৪ মাউশি/বরি/২০২০/

তারিখ: ১৩.০৭.২০২০ খ্রি:

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বরিশাল অঞ্চলের আওতাধীন জেলা শিক্ষা অফিসারবৃন্দকে উপর্যুক্ত পত্রের মর্মানুযায়ী জানানো যাচ্ছে, চলমান বন্যা দুর্গত এলাকার শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) খুলে দিয়ে অস্থায়ী আশ্রয় হিসেবে ব্যবহারের পাশাপাশি যদি কোন শিক্ষা প্রতিষ্ঠান বন্যার কারণে ক্ষতিগ্রস্ত হয় তাহলে বন্যা পরিস্থিতি উন্নতি হলে দ্রুত সময়ের মধ্যে নির্ধারিত ছকে MS Word ফরমেটে dsheflood2019@gmail.com ও dirdshebarisal@gmail.com -এ ই-মেইল প্রেরণ করার জন্য বলা হলো।

উল্লেখ্য যদিও দেশের দক্ষিণাঞ্চলে অবস্থিত বরিশাল বিভাগে এখন পর্যন্ত বন্যার কোন প্রভাবের খবর পাওয়া যাচ্ছে না তবুও এ বিষয়ে সতর্কতা অবলম্বন করতে হবে।

বিষয়টি অতীব জরুরী।

(Signature) ১৩.০৭.২০২০

(প্রফেসর মোঃ মোয়াজ্জেম হোসেন-৭৩৭৩)

পরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বরিশাল অঞ্চল, বরিশাল

জেলা শিক্ষা অফিসার
বরগুনা, বরিশাল, ভোলা, বালকাঠি, পটুয়াখালী ও পিরোজপুর